

‘প্রথম আলো’র সম্পাদকের নামে গ্রেপ্তারি পরোয়ানা জারি

আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর গভীর উদ্বেগ

রেসিডেনসিয়াল মডেল কলেজের নবম শ্রেণির ছাত্র নাইমুল আবরারের অবহেলাজনিত মৃত্যুর অভিযোগে করা মামলায় প্রথম আলো সম্পাদক মতিউর রহমানসহ ১০ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয়েছে। গত ৬ নভেম্বর ২০১৯ আবরারের বাবা মজিবুর রহমানের দায়েরকৃত মামলায় আদালত এ পরোয়ানা জারি করেন।

আবরারের মৃত্যু অত্যন্ত দূর্ভাগ্যজনক এবং তা দেশের প্রতিটি মানুষকে মর্মান্বিত করেছে। তবে তার মৃত্যুর পরপরই সরকারের দায়িত্বশীল ব্যক্তি ও অন্যান্য মহল প্রথম আলোর সম্পাদককে জড়িয়ে নানা মন্তব্য প্রদান করতে দেখা গেছে। তাদের মন্তব্যের অব্যবহিত পরেই প্রথম আলোর সম্পাদকসহ ১০ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

আসক প্রথম আলোর সম্পাদকের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারির ঘটনায় উদ্বেগ জানাচ্ছে। আসক মনে করে, এ ঘটনা বাক স্বাধীনতা ও গণমাধ্যমের স্বাধীনতাকে গভীরভাবে প্রভাবিত করবে এবং জনমনে বিদ্যমান এ সংক্রান্ত শংকাকে আরো বেশি দৃঢ় করে তুলবে। বিশেষত ঘটনা পরবর্তী সময়ে ক্ষমতাসীন দলের নেতৃত্বস্থানীয় ব্যক্তিদের প্রদত্ত বিভিন্ন বক্তব্য-বিবৃতি এ সংশয়কে আরো বেশি ঘণীভূত করেছে। আসক জনমনের শংকা ও নানা সংশয় দূর করতে এ মামলাটির বিচার প্রক্রিয়া সম্পূর্ণভাবে প্রভাবমুক্ত রাখার এবং আইনানুগ প্রক্রিয়া সঠিকভাবে অনুসরণ করে সবার জন্য ন্যায় বিচার নিশ্চিত করার ওপর জোর দিচ্ছে। একই সাথে কাউকে হয়রানি করার জন্য নয়, সত্যিকার অর্থে কর্তৃপক্ষের কোনো অবহেলার কারণে যদি এ দূর্ঘটনা ঘটে থাকে তা নিরপেক্ষভাবে খতিয়ে দেখে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছে আসক।